

“স্নাতকোত্তরে বৃত্তির” সুযোগ রেখে সংসদে বিল পাস

■ সমকাল প্রতিবেদক
স্নাতক শ্রেণির পাশাপাশি
স্নাতকোত্তরের শিক্ষার্থীদেরও
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
তহবিল থেকে বৃত্তি দেওয়ার সুযোগ
রেখে আইন সংশোধনের প্রস্তাব
সংসদে পাস হয়েছে। গতকাল
রোববার সংসদের বৈঠকে
‘প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা (ট্রাস্ট
সংশোধন) বিল-২০১৬’ পাসের প্রস্তাব
করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম
নাহিদ।

এতদিন প্রধানমন্ত্রীর শিক্ষা
সহায়তা ট্রাস্ট থেকে স্নাতক শ্রেণি পর্যন্ত
বৃত্তির ব্যবস্থা ছিল। স্নাতকোত্তরের
শিক্ষার্থীদের বৃত্তি দেওয়ার জন্য
আইনে কোনো বিধান ছিল না। পাস
হওয়া বিলে নতুন ধারা যুক্ত করে
স্নাতকোত্তর, এমফিল, পিএইচডি
কোর্সের শিক্ষার্থীদেরও বৃত্তি দেওয়ার
বিধান রাখা হয়েছে।